AQA

# GCSE
# BENGALI

# H

Higher Tier Paper 1 Listening Test Transcript

Monday 20 May 2019 Afternoon Time allowed: 45 minutes approximately (including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

- **The pauses are pre-recorded for this test**.

This is what you should do for each item.
- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer all the questions in the spaces provided. Do not write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- Ask any questions now. **You must not ask questions or interrupt during the test***.
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now**.

Once the recording has started, the Invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the Invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

## Section A

Questions and answers in **English**.

| 0 | 1 | **F1** ব্রিটেন আর বাংলাদেশের স্কুলগুলো কিছু কিছু ব্যাপারে আলাদা। বাংলাদেশের প্রায় সব সরকারি স্কুলগুলোতে দিনে দুই শিফ্‌টে ক্লাস চলে যা ব্রিটেনের স্কুলগুলোতে দেখা যায় না। দেশে প্রাইমারি স্কুলগুলো পঞ্চম শ্রেণি পর্যন্ত। স্কুলবর্ষ শুরু হয় জানুয়ারি মাস থেকে, চলে ডিসেম্বর পর্যন্ত।

**0 2** **M2** সবাইকে ভালো একটি ফলাফলের জন্য চাপের মধ্যে থাকতে হয়। পরীক্ষায় পাশ করতে না পারলে একই ইয়ারে আবারও পড়তে হয়। পরীক্ষায় ভালো না করলে লেখাপড়া শেষে একটি ভালো কাজ পাওয়া খুব কষ্টের।

**0 3** **F2** জিসিএসই-এর পর আমি এপ্রেন্টিসশিপ করবো বলে ঠিক করেছি। কাজ শেখার পাশাপাশি টাকা আয় করা যাবে। চাকরি পাওয়াটাও সহজ হবে। চাকরি পাওয়ার আগেই কাজের পরিবেশ সম্পর্কে জানতে পারবো। এতে আমার কাজের অভিজ্ঞতাও হয়ে যাবে। একসাথে কাজ আর লেখাপড়া তখন একঘেয়ে লাগবে না।

**0 4** **F2** আমি নার্সারিতে কাজ শিখবো। ছোট ছোট ছেলেমেয়েদের সাথে কথা বলতে আমার ভালো লাগে। আমি মজা করে কথা বলতে পারি। ওরা এতে খুব মজা পায়। ছেলেমেয়েদের অসংখ্য প্রশ্নের উত্তর দিতে আমি মোটেও বিরক্ত হই না। যদিও আমি গান গাইতে পারি না।

**0 5** **M1** পরিবেশে সবুজ এলাকা কমে যাচ্ছে। কম সবুজ এলাকা মানেই জীব-জন্তুর থাকার জায়গা কম, তাই পশুপাখি কমে যাচ্ছে। যদিও আগের মতো মানুষ আর পশুপাখি শিকার করে না। খাবারের দোকানগুলোর পাশেই ময়লা ফেলার পাত্রের ব্যবস্থা আছে। তবুও মানুষ যেখানে সেখানে ময়লা ফেলছে। শহরের সৌন্দর্য রক্ষার ব্যাপারে কারো মাথা ব্যথা নেই।

**Example: M1** আমার ইচ্ছে শিক্ষক হওয়া। অনেক লম্বা ছুটি পেতে আমার খুব ভালো লাগে।

**0 6** **M2** আমার ইচ্ছে ডাক্তার হওয়া। যদিও বাবা চান আমি ফার্মাসিস্ট হই। বাবার ধারণা এতে শিফ্‌টে কাজ করার ঝামেলা নেই। কিন্তু মানুষের সেবা করতে আমার ভালো লাগে।

**0 7** **F1** আমিও হাসপাতালে কাজ করবো। আমি নার্স হতে চাই। নার্স হতে হলে আমাকে অনেকগুলো বছর লেখাপড়া করতে হবে না।

**0 8** **M2** আমি ল্যাবে কাজ করবো। আমি প্যাথোলজিস্ট হতে চাই। প্যাথোলজিস্টদের রোগীদের সাথে বেশি কথা বলতে হয় না।

**0 9** **F1** ব্রিটেনের স্কুলগুলোতে ছেলেমেয়েদের মানসিক স্বাস্থ্য নিয়ে অনেক গবেষণা হচ্ছে। প্রায়ই কাউকে না কাউকে মন খারাপ ও হতাশ হতে দেখা যায়। এদের সংখ্যা প্রতি বছর বেড়েই চলছে।

**1 0** **F1** স্কুলগুলোতে সরকার এই সমস্যা কমানোর চেষ্টা করছে। কিন্তু দুশ্চিন্তার কথা হলো অনেক সময়ই এই সমস্যার ব্যাপারে ছেলেমেয়েরা কাউকে খুব একটা জানাতে চায় না।

**1 1** **F1** গবেষণায় আরও জানা যায় যে স্কুলগামী সাত থেকে দশ বছর বয়সী ছেলেমেয়েদের মধ্যেও এই সমস্যা দেখা যাচ্ছে। তবে এগার থেকে ষোল বছর বয়সী ছেলেমেয়েদের মধ্যে এই সমস্যা বেশি চোখে পড়ে।

**1 2** **F2** মাসুদ, তুমি তো বাংলা বেশ ভালো বুঝতে পারো। কীভাবে তুমি বাংলা শিখেছো?

**M2** ছোটবেলা থেকেই আমার মা-বাবা আমার সাথে বাংলায় কথা বলতেন। আমাদের বাসায় নিজেদের মধ্যে ইংরেজিতে কথা বলা একরকম নিষেধ ছিলো। ইংরেজিতে কথা বললে আমি কথার উত্তর পেতাম না। তাই বাংলা বলতেই হতো।

**1 3** **F2** তুমি এতো বাংলা শব্দ কী করে শিখেছো?

**M2** মা আমাকে ছোটবেলায় গল্প পড়ে শোনাতেন আর আমি বাংলা নাটক দেখলেও সব শব্দ ভালো বুঝতাম না। টিভির বাংলা সংবাদ নতুন শব্দ শিখতে আমাকে সবচেয়ে বেশি সাহায্য করেছে।

**1 4** **F2** বিদেশে আমাদের কেন বাংলা শেখা দরকার?

**M2** বাংলা ভাষার প্রতি আমার ভালোবাসার কারণেই আমি বাংলা শিখেছি। বিদেশে আমরা বাংলা না শিখলে এখানে বাংলা ভাষা হারিয়ে যাবে। আমাদের ভাষা আমাদেরকেই টিকিয়ে রাখতে হবে।

**1 5** **F1** সিনেমা হলে গিয়ে ছায়াছবি দেখার আনন্দই আলাদা। নতুন মুক্তি পাওয়া ছায়াছবি সবার আগেই দেখে ফেলা যায়। আমি মাসের সিনেমার টিকেট কিনে রাখি। তবে সমস্যা হলো এতে খরচ বেশি।

**1 6** **M2** আমি নেটফ্লিক্স সাবস্ক্রাইব করে নিয়েছি। ঘরে বসে ৬০ ইঞ্চি স্মার্ট টিভিতে ছায়াছবি দেখি। ওপেন ব্রাউজার আছে তাই কোন অসুবিধা হয় না।

**1 7** **F2** আমার পছন্দ ‘শর্ট থ্রো প্রজেক্টর’। যে কোনো দেওয়ালে, এমনকি শুয়ে শুয়ে ছাদের দিকে তাকিয়ে ছায়াছবি দেখা যায়। এর চেয়ে আরামের বিনোদন আর কিছুই হতে পারে না!

**1 8** **M1** আমার গান শোনা, ছায়াছবি দেখা এগুলো ভালো লাগে না। এতে একদিকে যেমন সময় নষ্ট আর অন্যদিকে টাকা খরচ।

**1 9** **M1** ফারহানা, অবসর সময়ে তুমি কী করো?

**F2** আমি অবসর সময়ে প্রায়ই বাসায় সিনেমা দেখি। ঘরে বসে কম্পিউটারে গেইম খেলি। মাঝে মাঝে মিউজিক সিস্টেম অন করে সোফায় বসে বা বিছানায় শুয়ে শুয়ে গান শুনি।

**M1** স্বাস্থ্য ভালো রাখার জন্য তুমি ব্যায়াম করতে পারো। তবে খাবারের পরিমাণ না কমালে কোন লাভ হবে না।

**2 0** **M2** ক্রসরেইল চালু হবে তাই আমার এলাকা ও রেইল স্টেশনটাকে নতুন করে সাজানো হচ্ছে। এলাকার সৌন্দর্য বাড়ছে। অনেকেই এই এলাকায় বাড়ি কিনছেন। অল্প সময়ে তাঁরা কাজে যেতে পারবেন। যেখানে উন্নয়ন কাজ চলে সেখানে একটু অসুবিধা হয়। এ ধরণের কাজ মানেই শব্দ ও যানজট। অনেকদিন ধরে একটি সড়ক বন্ধ। বিকল্প রাস্তা দিয়ে স্কুলে যেতে হয়।

**2 1** **F1** আজকাল ছেলেমেয়েদের বই পড়ার প্রতি আগ্রহ কমছে। ডিজিটাল বিশ্ব কেড়ে নিচ্ছে সবার সময়। বই পড়ার অভ্যেসের সাথে সাথে স্কুলে ভালো ফলাফল করার একটা সম্পর্ক আছে। বই পড়া ভাষার ব্যবহারকে আরও উন্নত করে। ভালোভাবে বলতে ও লিখতে পারার দক্ষতা বাড়িয়ে দেয়। এনে দেয় বিনোদনের এক বিশেষ সুযোগ।

**2 2** **M1** আমাদের আরো বেশি করে পরিবেশ সচেতন হতে হবে। আজকাল ময়লা আবর্জনা আলাদা আলাদা বিনে ফেলা, কাগজ, কাঁচ এসব রি-সাইকেল করা পরিবেশ সচেতন হওয়ার একটি পরিচয়।

**2 3** **F2** সুপার মার্কেট থেকে খাবার দেখেশুনে কেনা দরকার। অর্গানিক খাবার উৎপাদনে পরিবেশের ক্ষতি হয় না। এসবের উৎপাদনে কোন রকম রাসায়নিক দ্রব্যের ব্যবহার করা হয় না। এভাবে রাসায়নিক দ্রব্যের ব্যবহার চলতে থাকলে পরিবেশ ধ্বংস হয়ে যাবে।

**2 4** **M1** বেশি বিদ্যুতের ব্যবহার মানেই পরিবেশের উপর বাড়তি চাপ। প্রাকৃতিক উৎস থেকে তৈরি শক্তির ব্যবহার করতে হবে। বাড়ির ছাদে সোলার প্যানেল লাগাতে হবে।

**2 5** **F1** আমার বড় দুই ভাই-বোন আছে। মা প্রায়ই ঘরের কাজে ব্যস্ত থাকেন। তিনি আমাকে বলেন, "তোমার ভাগ্য ভালো। তোমার ভাই-বোনেরা তোমার খেয়াল রাখে। এমনকি যখন আমি থাকবো না, তখনও তুমি ওদেরকে অভিভাবকের মতো পাশে পাবে"। আমি ভাবি এটা ঠিক, তবে একমাত্র সন্তান হলে মা-বাবার সব যত্ন আমি একাই পেতাম।

**2 6** **M2** আমি একমাত্র সন্তান হলেও আমার দাদি, চাচা-চাচী ও তাঁদের এক ছোট ছেলেও আমাদের সাথে থাকে। দাদি সবসময় আমাকে সময় দিতে পারেন। বেশি মানুষ হওয়ায় প্রায়ই ঝগড়া হয়। বাবা বলেন, "বড়ো পরিবারে থাকার অনেক অসুবিধা আছে, আবার সুবিধাও আছে। সুখে-দুখে সবাইকে কাছে পাওয়া যায়"।

## Section B

Questions and answers in **Bengali**.

**2 7** **F2** আগে আমি খুব ফেইসবুক ব্যবহার করতাম। বন্ধুদের লেখায় ‘লাইক’ দিতাম। ছবি আপলোড করতাম। এখন খুব একটা ব্যবহার করতে চাই না। সোশ্যাল নেটওয়ার্কিং না করলে আমি রাতে সময়মত ঘুমাতে পারবো আর সকালে ঘুম থেকে উঠতেও দেরি হবে না। বন্ধুদের সাথে বাইরে খেলার অনেক সময় পাবো।

**2 8** **M1** আমাদেরকে শিক্ষাসফরে যাওয়ার ব্যাপারে তথ্য দিন। আমরা কোনো একটি ঐতিহাসিক স্থান দেখতে যেতে চাই। স্কুল থেকে তিরিশ জনের একটি দল যেতে চাই।

**2 9** **M1** কাছাকাছি শান্ত ও নিরিবিলি রেস্তোরাঁ আর ইয়ুথ হস্টেল থাকলে ভালো হয়। তবে ভালো যানবাহনের ব্যবস্থা থাকতেই হবে।

**3 0** **F1** কাঁটাওয়ালা ইলিশ মাছ খেতে যারা ভয় পায় তাদের ইলিশ মাছের স্বাদ পাওয়ার জন্য বাজারে আসছে ‘ইলিশ মাছের ন্যুডলস’ আর ‘ইলিশ মাছের স্যুপ’। নতুন প্রজন্ম আর বাঙালি জনগোষ্ঠীর বাইরে কাঁটাহীন ইলিশ মাছের স্বাদ পৌঁছে দিতে এ এক অসাধারণ আয়োজন। বাঙালির নিজস্ব স্বাদ ও ঐতিহ্যকে আধুনিক খাবার তালিকায় পরিবেশন করতে এর তুলনা হবে না।

**3 1** **F2** ফাতিমা খুব শান্ত স্বভাবের। ও গতবছর ইটালি থেকে এই দেশে এসেছে। ইংরেজিতে ততোটা ভালো না। তবে বাংলায় তার দক্ষতা সবচেয়ে বেশি। অঙ্কেও ফাতিমার ভালো দখল আছে। বিজ্ঞানে সে মাঝারি ধরনের।

**3 2** **F1** সুমি প্রাণবন্ত একটি মেয়ে। সুমির মা পকেট খরচার জন্য সুমিকে প্রতি সপ্তাহেই বেশকিছু টাকা দেন। ও নিজের জন্য কিছু পছন্দের খাবার কিনলেও সবচেয়ে বেশি টাকা আমাদের জন্য সাজগোজের জিনিস কিনেই খরচ করে। আমাদের মনে হয় ও টাকা অপচয় করছে।

**END OF TEST**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**Copyright information**

For confidentiality purposes, from the November 2015 examination series, acknowledgements of third-party copyright material are published in a separate booklet rather than including them on the examination paper or support materials. This booklet is published after each examination series and is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team, AQA, Stag Hill House, Guildford, GU2 7XJ.

Copyright © 2019 AQA and its licensors. All rights reserved.